সংবাদ

তারিখ ... 8 FEB 2013 ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৭ ...

৬ দফা দাবিতে

# চমেক শিক্ষার্থীদের আন্দোলন বহাল

চট্টগ্রাম ব্যুরো

ছয় দফা দাবিতে চট্টগ্রাম মেডিকেল কলেজ (চমেক) শিক্ষার্থীদের আন্দোলন বহাল রয়েছে। টেকনিশিয়ানদের ডাক্তার লেখার সিদ্ধান্তের প্রতিবাদ ও ডেন্টাল ইউনিটকে পূর্ণাঙ্গ কলেজে উন্নীতসহ ৬ দফা দাবিতে আন্দোলন বহাল রেখেছেন চমেক ডেন্টাল ইউনিটের শিক্ষার্থীরা। গতকাল তারা ডেন্টাল ইউনিটের বহির্বিভাগসহ বিভিন্ন কক্ষে তালা ঝুলিয়ে অবরোধ কর্মসূচি পালন করছেন। গত শনিবার থেকে শিক্ষার্থীরা এ ইউনিটের বহির্বিভাগ বন্ধ করে দেয়ায় অনেক রোগীকে চিকিৎসাসেবা নিতে এসে ফিরে যেতে হচ্ছে। তবে আজ শিক্ষার্থীদের সঙ্গে বিএমএ কর্তৃপক্ষের সঙ্গে আলোচনায় বসার কথা রয়েছে বলে জানা গেছে।

শিক্ষার্থীদের ৬ দফা দাবি হচ্ছে, ব্যাচেলর অব ডেন্টাল সার্জারি (বিডিএস) ডিগ্রিধারী চিকিৎসকদের বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশনের (বিএমএ) সদস্য ও ভোটাধিকারের দাবি, চট্টগ্রাম ও রাজশাহীর ডেন্টাল ডেন্টাল ইউনিটকে পূর্ণাঙ্গ কলেজে উন্নীত করে এফসিপিএস এমফিল ও এমএস চালু, চার বছরের বিডিএস কোর্সকে ৫ বছরে উন্নীতকরণ, বিএমডিসি অ্যাক্ট ২০১০ বাস্তবায়ন, ডেন্টাল টেকনিশিয়ানদের দন্ত ডাক্তার লেখার অনুমতি দেয়ার প্রক্রিয়া বাতিল এবং বিডিএস সার্জনদের বিসিএসের মাধ্যমে সরকারি চাকরি দেয়া।

আন্দোলনের মাঝেও অফিসিয়াল কার্যক্রম চলছে উল্লেখ করে ডেন্টাল ইউনিটের প্রধান ডা. সৈয়দ মোরশেদ মওলা বলেন, শিক্ষার্থীদের অবরোধের কারণে ডেন্টাল ইউনিটের বহির্বিভাগ বন্ধ রয়েছে। কোন ক্লাসও অনুষ্ঠিত হয়নি। এদিকে মেডিকেলের অন্য শিক্ষার্থীদের মতো আমরা একই প্রক্রিয়ায় পড়াশোনা করছি। কিন্তু আমাদের সেভাবে মূল্যায়ন করা হচ্ছে না উল্লেখ করে আন্দোলনরত শিক্ষার্থীরা বলেন, অন্য বিভাগের শিক্ষার্থীরা বিএমএ'র সদস্যপদ ও ভোটাধিকার পেলেও আমাদের সে সুযোগ দিচ্ছে না বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশন (বিএমএ) কর্তৃপক্ষ। এছাড়া চিকিৎসার নাম করে ডেন্টাল টেকনিশিয়ান ও হাতুড়ে চিকিৎসকরা সাধারণ মানুষের সঙ্গে প্রতারণা করছে। কিন্তু সম্প্রতি স্বাস্থ্য মন্ত্রণালয় ঘোষিত ডেন্টাল টেকনিশিয়ানদের ডাক্তার লেখার ঘোষণা দিয়েছে বেআইনিভাবে। তাই আমরা মানসম্মত চিকিৎসা ও ডেন্টাল ইউনিটকে কলেজে রূপান্তরসহ ৬ দফা দাবিতে আমরা আন্দোলন করছি।